দৈনিক জনকণ্ঠ

তারিখ 27 DEC 2016
পৃষ্ঠা ১৬ কলাম ৭

# সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজে তালা ঝুলিয়ে আন্দোলন

**স্টাফ রিপোর্টার, সিলেট অফিস ॥** সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজে সঠিক সময়ে ফল প্রকাশ, পর্যাপ্ত নিরাপত্তারক্ষী নিয়োগ, ছাত্রাবাস-কলেজের উন্নয়নসহ নানা দাবিতে প্রশাসনিক ভবনে তালা দিয়েছে শিক্ষার্থীরা। এর ফলে দিনভর অবরুদ্ধ ছিলেন কলেজের রেজিস্ট্রারসহ বিভিন্ন বিভাগের শিক্ষকরা। সোমবার সকাল ১১টায় প্রশাসনিক ভবনে তালা ঝুলিয়ে আন্দোলন শুরু করে বিক্ষুব্ধ শিক্ষার্থীরা। প্রশাসনের বিরুদ্ধে অনিয়ম দুর্নীতির অভিযোগ এনে আন্দোলনকারী শিক্ষার্থীরা জানান, কলেজ কর্তৃপক্ষ তাদের কাছ থেকে ফি আদায় করলেও ছাত্রাবাস-কলেজের উন্নয়ন নেই, পরিবহন সেবার নামে ফি নিলেও নেই কোন পরিবহন ব্যবস্থা। তাছাড়া ক্যাম্পাস এলাকায় পর্যাপ্ত নিরাপত্তারক্ষী না থাকায় নিরাপত্তাহীনতায় রয়েছেন তারা। ফলে বাধ্য হয়ে তারা আন্দোলনে নেমেছেন।